

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮১৭

১/ বিবিধ

আরবী

شہید البحر مثل شہید البر، والمائد في البحر كالمشحط في دمه في البر، وما بين الموجتين كقاطع الدنيا في طاعة الله، وإن الله عز وجل وكل ملك الموت بقبض الأرواح إلا شہید البحر، فإنه تولى قبض أرواحهم، ويغفر لشہید البر الذنوب كلها إلا الدين، ولشہید البحر الذنوب والدين
موضوع بهذا التمام

رواه ابن ماجه رقم (2778) والطبراني في " المعجم الكبير " (ق 25 / 1 مجموع 6) عن قيس بن محمد الكندي: حدثنا عفير بن معدان الشامي عن سليم بن عامر قال: سمعت أبا أمامة يقول فذكره. قلت: وهذا إسناد ضعيف جدا، بل الغالب أنه موضوع على سليم بن عامر الثقة، فإن في متن الحديث من المبالغة ما لا نعرفه في الأحاديث الصحيحة، وأفته عندي عفير هذا، فإنه متهم. قال أبو حاتم: " يكثر عن سليم عن أبي أمامة بما لا أصل له ". قلت: وهذا منه، وتقدم له حديث آخر موضوع برقم (291) والحديث عزاه السيوطي في " الجامع " لابن ماجه والطبراني في الكبير ". وذكر المناوي أن الطبراني رواه عن الكندي أيضا ثم قال: " قال الزين العراقي: وعفير بن معدان ضعيف جدا ". واعلم أن هذا الحديث والذي قبله مخالف لعموم قوله صلى الله عليه وسلم: " يغفر للشهيد كل ذنب إلا الدين ". أخرجه مسلم وغيره من حديث ابن عمرو رضي الله عنهما، وهو مخرج عندي في " إرواء الغليل " (118) و" تخريج مشكلة الفقر " (67) و" تخريج الحلال والحرام " (348)

বাংলা

৮১৭। দরিয়ার শহীদ স্থলের শহীদের ন্যায়। দরিয়ার মধ্যে বুলন্ত ব্যক্তি স্থলে তার রক্তে রঞ্জিত ব্যক্তির ন্যায়। দুই তরঙ্গের মধ্যে পার্থক্য আল্লাহর আনুগত্যের জন্য দুনিয়ার সাথে সম্পর্ক ছিন্নকারীর ন্যায়। আল্লাহ তা'আলা দরিয়ার শহীদ ব্যতীত সকল আত্মা কবয করার জন্য মালাকুল মাওতকে দায়িত্ব দিয়েছেন। কারণ তিনি নিজে তাদের আত্মা কবয করবেন। তিনি স্থলের শহীদের ঋণ ব্যতীত সকল গুনাহ ক্ষমা করে দিবেন। আর দরিয়ার শহীদের ঋণ সহ সকল গুনাহ ক্ষমা করে দিবেন।

হাদীছটি জাল।

এটি ইবনু মাজাহ (নং ২৭৭৮) এবং তাবারানী "আল-মুজামুল কাবীর" (কাফ ১/২৫) গ্রন্থে কায়স ইবনু মুহাম্মাদ আল-কিন্দী হতে তিনি উফায়ের ইবনু মি'দান আশ-শামী হতে তিনি সুলায়েম ইবনু আমের হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। বরং অধিকাংশ ধারণা এই যে, এটি নির্ভরযোগ্য সুলায়েম ইবনু আমেরের উপর বানোয়াট হাদীছ। কারণ হাদীছটির ভাষায় এমন অতিরঞ্জন করা হয়েছে যা সহীহ হাদীছগুলোর মধ্যে মিলে না। আমার নিকট এটির সমস্যা হচ্ছে এই উফায়ের। কারণ তিনি মিথ্যার দোষে দোষী।

আবু হাতিম বলেনঃ তিনি সুলায়েম হতে... এরূপ বহু কিছু বর্ণনা করেছেন যেগুলোর কোন ভিত্তি নেই।

আমি (আলবানী) বলছিঃ এটি সেগুলোর অন্তর্ভুক্ত। তার একটি জাল হাদীছ (২৯১) নম্বরে আলোচিত হয়েছে।

হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে ইবনু মাজাহ এবং তাবারানীর বর্ণনায় উল্লেখ করেছেন। মানবী বলেনঃ যায়ন আল-ইরাকী বলেছেনঃ উফায়ের ইবনু মি'দান নিতান্তই দুর্বল। জেনে রাখুন এ হাদীছ এবং উপরের হাদীছটি সহীহ হাদীছ বিরোধী। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ **يُغْفَرُ لِلشَّهِيدِ كُلِّ ذَنْبٍ إِلَّا الدَّيْنَ** 'ঋণ ব্যতীত শহীদের সকল গুনাহ ক্ষমা করে দেয়া হবে।' এটি ইমাম মুসলিম সহ অন্যান্য মুহাদ্দিছগণ ইবনু উমারের (রাঃ) হাদীছ হতে বর্ণনা করেছেন। দেখুন "ইরওয়াউল গালীল" (১১৮২), "তাখরাজু মুশকিলাতুল ফাকর" (৬৭) এবং "তাখরীজুল হালাল ওয়াল হারাম" (৩৪৮)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71696>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন